

সিসা দূষণ প্রতিকার প্রকল্প

মির্জাপুর, টাঙ্গাইল

ডিসেম্বর ২০২১ - মে ২০২২

সিসা-দূষিত এলাকা পরিদর্শন ও পর্যবেক্ষণ

এলাকার জনসংখ্যা, শিশুদের সংখ্যা, বয়স ও মাটিতে সিসা দূষণের মাত্রার ভিত্তিতে পুরো এলাকাটিকে পর্যবেক্ষণ ও মূল্যায়ন করা হয়। শুরুতে একটি প্রাথমিক মূল্যায়নের (ইনিশিয়াল সাইট অ্যাসেসমেন্ট) পর আরও বিশদ পরিসরে পর্যবেক্ষণ (ডিটেইল সাইট অ্যাসেসমেন্ট) করা হয়। বিভিন্ন নমুনা সংগ্রহ করে পরীক্ষা করা হয়, জিপিএস ম্যাপ তৈরি করে দূষিত অঞ্চলগুলো চিহ্নিত করা হয়।



সচেতনতা গড়ে তোলা

এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ যেমন চেয়ারম্যান, স্থানীয় নেতা, শিক্ষক, ধর্মীয় নেতা, সরকারি প্রতিনিধিবৃন্দ, এনজিও কর্মীসহ সকলের অংশগ্রহণের মধ্য দিয়ে নারী, পুরুষ, শিশুসহ সকল এলাকাবাসীদেরকে সিসা দূষণ কী, এর বিভিন্ন উৎস, সিসা বিষক্রিয়ার ক্ষতিকর দিক ও এর সমাধান, এবং পরিবেশকে সিসা দূষণ মুক্ত করা কেন জরুরি সে বিষয়ে সচেতন করা হয়। এজন্য উঠান বৈঠক, বাড়ি বাড়ি গিয়ে আলোচনা, এবং কমিউনিটি গ্যাদারিং-এর মত সচেতনতামূলক কার্যক্রম পরিচালনা করা হয়।

শিশুদের রক্তে সিসার মাত্রা পরীক্ষা

সিসা দূষিত এলাকাটি পরিষ্কার করার আগে সেই এলাকার শিশুদের রক্ত সংগ্রহ করা হয় এবং ল্যাবরেটরিতে পরীক্ষা করে তাদের রক্তে সিসার মাত্রা দেখা হয়। অর্থাৎ সিসা দূষিত এলাকার শিশুরা কী পরিমাণে সিসা বিষক্রিয়ায় আক্রান্ত তা ব্লাড লেড লেভেল বা বিএলএল টেস্ট-এর মাধ্যমে নিরূপন করা হয়। এলাকাটি পরিষ্কার করার এক বছর পর আবারও একইভাবে রক্ত পরীক্ষা করে দেখা হয় যে এলাকাটি সিসা মুক্ত করার পর তাদের রক্তে সিসার মাত্রা কতটুকু কমেছে।





আবর্জনা পরিষ্কার করা

পুরাতন ব্যাটারির কেস, সেপারেটর, প্লাস্টিকসহ রিসাইক্লিং কারখানার বিভিন্ন পরিত্যক্ত আবর্জনা পরিষ্কার করে বস্তায় ঢুকিয়ে ভালো করে বস্তার মুখ বেধে দেওয়া হয়। এরপর আবর্জনাপূর্ণ বস্তুগুলোকে নিরাপদ স্থানে ঢাকনা দিয়ে রাখা হয়। পরবর্তিতে উপযুক্ত স্থানে পরিবেশবান্ধব উপায়ে অপসারণ করা হয়।

সিসা দূষিত মাটি পরিষ্কার করা

এক্সআরএফ যন্ত্রের মাধ্যমে মাটিতে সিসার মাত্রা পরিমাপ করা হয় এবং যতক্ষণ না পর্যন্ত মাটিতে সিসার মাত্রা ৪০০ পিপিএম (নিরাপদ মাত্রা) এ নেমে আসে ততক্ষণ পর্যন্ত সিসা দূষিত উপরিভাগের মাটি চেঁছে সরিয়ে ফেলা হয়। এ সময় এলাকার বাড়িঘরের উঠানের মাটি সিসা দূষিত হলে সেটিও পরিষ্কার করা হয়। একই বাড়ির ভেতরে যেন সিসার ধূলিকণা না থাকে সেজন্য বাড়ির ভেতরের ধুলা পরিষ্কার করে সাবান-পানি দিয়ে মুছে দেওয়া হয়।



টিএসপি সার মেশানো

সিসা দূষিত মাটির সাথে ট্রাই সুপার ফসফেট (টিএসপি) সার মেশানো হয়। টিএসপি মেশানো সিসা দূষিত মাটিগুলো একই এলাকায় একটি সুনির্দিষ্ট, ও নিরাপদ স্থানে গর্ত করে এমনভাবে পুঁতে ফেলা হয় যাতে সিসা দূষণ আর ছড়াতে না পারে।

বিশুদ্ধ মাটি ছড়িয়ে দেওয়া

পরিশেষে যে সকল স্থানে সিসা দূষিত মাটি চেঁছে পরিষ্কার করা হয়েছে এবং যে স্থানে দূষিত মাটিগুলো পুতে ফেলা হয়ে সেই পুরো এলাকায় বিশুদ্ধ মাটি ছড়িয়ে দেওয়া হয়।

